শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে



যীশুর জন্য একটি কঠিন সময়

Written by: Edward Hughes

Illustrated by: Byron Unger; Lazarus

Adapted by: M. Maillot; Sarah S.

Translated by: Shankar Sikder

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2009 Bible for Children, Inc
স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

যখন যীশু বাপ্তিষ্ম
গ্রহন করলেন তখন
ঈশ্বর কথা
বললেন। তিনি
বললেন “ইনিই
আমার প্রিয় পুত্র,
এঁর উপর আমি
খুবই সন্তুষ্ট।”

ঈশ্বরের পবিত্র আত্মা কবুতরের মত হয়ে যীশুর উপর নেমে আসলেন।

তার পর পরই ঈশ্বরের পবিত্র আত্মা যীশুকে একটি মরু এলাকায় নিয়ে গেলেন। সেখানে যীশু একা ছিলেন।

যীশু সেখানে ৪০ দিন না খেয়ে থাকলেন। অর্থাৎ তিনি কোন খাবারই খাননি। তিনি খুব ক্ষুধার্ত হয়েছিলেন।

বাইবেল বলে যে বন্য পশুরাও সেখানে ছিল।

শয়তান যীশুকে প্রলোভনে ফেলতে এসেছিল। বহুদিন আগে এদন উদ্যানে সে আদম এবং হবাকে প্রলোভিত করেছিল যেন তারা ঈশ্বরের বিরুদ্ধাচরণ করে। এখন যীশুকে পরীক্ষায় ফেলা হবে।

এমনকি ঈশ্বরের পুত্র
যীশুকেও শয়তান
প্রলোভিত করার চেষ্টা
করতে পারে।

শয়তান বলল, "যদি তুমি ঈশ্বরের পুত্র হও তবে এই পাথরগুলোকে রুটি হয়ে যেতে বল।" সে জানত যে যীশু ক্ষুধার্ত ছিলেন।

সে জানত ঈশ্বরের পুত্র পাথরকে রুটিতে পরিনত করতে পারেন। যীশু কি শয়তানের কথা পালন করবেন?

না! যীশু শয়তানের কথা পালন করেননি।



বরং তিনি ঈশ্বরের বাক্য থেকে শয়তানকে এই উত্তর দিলেন, "মানুষ কেবল রুটিতেই বাঁচেনা, কিন্তু ঈশ্বরের মুখের প্রত্যেকটি কথাতেই বাঁচে।"

তারপর শয়তান যীশুকে যিরূশালেম মহানগরের পবিত্র মন্দিরে নিয়ে গেল যেখানে লোকেরা ঈশ্বরের আরাধনা করতেন। শয়তান তারপরে কি করবে?


“যদি তুমি ঈশ্বরের পুত্র হও
তবে উপর থেকে লাফিয়ে নীচে
পড়,” শয়তান এই কথা
বলল। “কারন তাঁর বাক্য বলে
যে তাঁর স্বর্গদূতেরা তোমাকে
রক্ষা করবে।”

“না!” যীশু উত্তর দিলেন। “এই কথাও লেখা আছে....
তোমার প্রভু ঈশ্বরকে তুমি কখনও পরীক্ষা করিওনা।”





শয়তান আবারও চেষ্টা করল। সে যীশুকে
শহর থেকে বের করে এনে একটি উঁচু
পর্বতের চূড়ায় নিয়ে গেল।

জগতের সমস্ড় রাজ্য ও তাদের জাঁকজমক দেখিয়ে শয়তান যীশুকে বলল, “যদি তুমি মাটিতে উবুড় হয়ে আমাকে পূঁজা কর তাহলে এসমস্থ কিছুই আমি তোমাকে দেব।”

“দূর হও শয়তান,” যীশু ধমক দিয়ে এই কথা বললেন। “এই কথা লেখা আছে.... তুমি শুধু তোমার প্রভু ঈশ্বরকেই ভক্তি করবে, কেবল তাঁরই সেবা করবে।”

শয়তান কিছু সময়ের জন্য
যীশুর কাছ থেকে দূরে
চলে গেল। তারপর
আশ্চর্য কিছু ঘটনা
ঘটল।

ঈশ্বর স্বর্গদূতদের পাঠালেন যেন তারা তাঁর পুত্র যীশুর সেবা-যত্ন নিতে পারে - যিনি শয়তানের কথায় প্রলোভিত হননি।

যীশুর জন্য একটি কঠিন সময়

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মথি ৪, লূক ৪

তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে
গীতসংহিতা ১১৯ : ১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬